

মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আজ

বিশেষ প্রতিনিধি •

আজ সবার সব পথ এসে মিলে যাবে
এক অভিন্ন গন্তব্য—শহীদ মিনারে।
হাতে হাতে বসন্তে ফোটা ফুলের স্তবক,
কণ্ঠে নিয়ে চির অল্লস সেই গান 'আমার
ভাইয়ের রক্তে রাঙানো একশ্রেণী
ফেব্রুয়ারী/ আমি কি ভুলিতে পারি...'
ঘীর পায়ে এগিয়ে যাবে
আবালবৃদ্ধবৃনিতা। ভাষাশহীদদের প্রতি
নিবেদিত শ্রদ্ধার ফুলে ফুলে ঢেকে যাবে
শহীদ মিনারের বৌদি। আজ একশ্রেণী
ফেব্রুয়ারি, মহান শহীদ দিবস ও
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

বাংলা মায়ের বীর সন্তানেরা
মাতৃভাষার সন্ধান, রক্ষার্থে ১৯৫২
সালের এই দিনে বুকের রক্তে রঞ্জিত
করেছিলেন ঢাকার রাজপথ। পৃথিবীর
ইতিহাসে সৃষ্টি হয়েছিল মাতৃভাষার জন্য
আত্মদানের অভূতপূর্ব নজির।

মাতৃভাষার জন্য আত্মদানের এই
অনন্য ঘটনা স্বীকৃত হয়েছে আন্তর্জাতিক
ক্ষেত্রে। ১৯৯৯ সালে ইউনেসকো
একশ্রেণী ফেব্রুয়ারিকে ঘোষণা করে
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে।
আজ সারা বিশ্বেই দিনটি পালিত হচ্ছে।

দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো.
আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা
ও বিএনপির চেয়ারপারসন বালেদা
জিয়া বাণী দিয়েছেন।

ঢাকায় প্রথম আলোর আয়োজনে
দিনভর 'বর্ণমেলা' হবে ধানমন্ডির
সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্স
মাঠে। চট্টগ্রামে এই মেলার আয়োজন
করা হয়েছে নাসিরাবাদ সরকারি বালক
উচ্চবিদ্যালয় মাঠে।